# Next Generation APA: APA’র মানোন্নয়নের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মতামত/প্রস্তাব

## এপিএ প্রস্তুত

| মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তাব/মতামত | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মতামত/প্রস্তাব |
|---|---|
| ১) প্রতিটি সরকারি অফিসের Performance কী হবে তা সংজ্ঞায়িত হওয়া প্রয়োজন; বিভিন্ন লেভেলের অফিসের Performance এর ভিত্তি ভিন্ন হতে পারে; যেমনঃ মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে নীতি/আইন/পরিকল্পনা প্রণয়ন, তার বাস্তবায়ন পরিবীক্ষণ এবং প্রণীত নীতি/আইন/পরিকল্পনার উদ্দেশ্য অর্জন গুরুত্বপূর্ণ; অপরপক্ষে দপ্তর/সংস্থা বা মাঠ পর্যায়ের অফিসের ক্ষেত্রে প্রণীত নীতি/আইন/পরিকল্পনার বাস্তবায়ন ও এর আলোকে সার্ভিস ডেলিভারি নিশ্চিত করা অধিক গুরুত্বপূর্ণ; কাজেই মন্ত্রণালয়/বিভাগের এপিএ’র সাথে দপ্তর/সংস্থা ও মাঠের অফিসের এপিএ’র মৌলিক পার্থক্য দৃশ্যমান হতে হবে; | • মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে সূচকের সংখ্যা কমানো যেতে পারে<br>• সার্ভিস ডেলিভারি নিশ্চিত করতে জনবল ও লজিস্টিক সাপোর্ট বৃদ্ধি করা প্রয়োজন<br>• অন্যান্য বিষয়ে একমত |
| ২) Performance কে prioritize করা প্রয়োজন; কম গুরুত্বপূর্ণ কাজ কিংবা রুটিনধর্মী ও process ধর্মী কাজ এপিএ’তে কম থাকাই শ্রেয়; এধরনের কাজের কোন উল্লেখযোগ্য outcome না থাকলে এপিএ-তে আসা উচিত নয়; Performance কে prioritize করার ক্ষেত্রে allocation of business-কে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা উচিত; এছাড়াও সরকারের বিভিন্ন পরিকল্পনা দলিলে নির্ধারিত লক্ষ্যসমূহকে performance হিসাবে বিবেচনা করে আবশ্যিকভাবে এপিএ’তে আসা উচিত; | • মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থা উভয়ের ক্ষেত্রে সরকারের বিভিন্ন পরিকল্পনা দলিলে নির্ধারিত লক্ষ্যসমূহকে performance হিসাবে বিবেচনা করে আবশ্যিকভাবে এপিএ’তে আসা উচিত;<br>• অন্যান্য বিষয়ে একমত |
| ৩) Performance-ধর্মী কাজ নির্ধারণে সরকারের নির্বাচনী ইশতেহার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা উচিত; | • সরকারের বিভিন্ন পরিকল্পনা দলিলকেও গুরুত্ব দেয়া উচিত; |
| ৪) এপিএ’র বিভিন্ন performance-ধর্মী কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণে বাজেট বরাদ্দকে আবশ্যিকভাবে বিবেচনায় নিতে হবে; সকল লক্ষ্যমাত্রা বাজেট বরাদ্দ অনুযায়ী নির্ধারিত হবে; তবে যেসকল কাজের সাথে বাজেটের সরাসরি সংশ্লেষ নেই (যেমন আইন/নীতি প্রণয়ন, সিটিজেন চার্টার অনুযায়ী জনগণকে সেবা প্রদান ইত্যাদি) সে সকল কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণে সরকারি সিদ্ধান্ত অনুসরণ করতে হবে; | • একমত |
| ৫) দপ্তর/সংস্থা ও মাঠের এপিএ’র গুনগত মান উন্নয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে আরো দায়িত্বশীল হওয়া দরকার; | • একমত |
| | • দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিস (খামার, কৃত্রিম প্রজনন কেন্দ্র, গবেষণা প্রতিষ্ঠান) এর ক্ষেত্রে এপিএ’র সুশাসন ও সংস্কারমূলক কর্মকান্ড সহজতর করা |

## এপিএ পরিবীক্ষণ

| | |
|---|---|
| ১) আইসিটিভিত্তিক পরিবীক্ষণ ব্যবস্থা গড়ে তোলা দরকার; | • একমত। তবে পর্যায়ক্রমে মন্ত্রণালয় হতে মাঠ পর্যায়ে (উপজেলা ও ইউনিয়ন) আইসিটিভিত্তিক পরিবীক্ষণ ব্যবস্থা গড়ে তোলা যেতে পারে |
| ২) বছরে অন্ততঃ একবার মন্ত্রিসভায় এপিএ রিপোর্ট উপস্থাপন করা যায়; | • একমত |
| ৩) বাজেটের সঙ্গে কার্যক্রমকে সম্পর্কযুক্ত করে এটি ঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তার জন্য performance audit করতে হবে। এতে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত হবে; | • বর্তমানে অডিট অধিদপ্তর কর্তৃক performance audit চালু আছে বিধায় এপিএ'র জন্য আলাদাভাবে performance audit চালু করা প্রয়োজন নেই। |

## এপিএ মূল্যায়ন

| | |
|---|---|
| ১) জনসাধারণের মতামতকে এপিএ মূল্যায়নের সময় বিবেচনায় নেওয়ার উপায় উদ্ভাবন করতে হবে; Citizen satisfaction-এপিএ মূল্যায়নের মানদণ্ড হওয়া প্রয়োজন, বিশেষ করে মাঠ পর্যায়ের অফিসের ক্ষেত্রে; | • একমত |
| ২) যে সকল মন্ত্রণালয়/বিভাগের কাজ বেশি চ্যালেঞ্জিং তাদের যৌক্তিক মূল্যায়নের নিমিত্ত কারিগরি কমিটির নিকট ১০% নম্বর সংরক্ষণ করা যেতে পারে; | • |
| ৩) প্রকল্পের কাজ সময়মত করতে না পারলে এর জন্য ঋণাত্নক মূল্যায়নের ব্যবস্থা রাখা যায়; | • |
| ৪) মন্ত্রণালয়/বিভাগের মূল কাজের জন্য বেশি নম্বর এবং সহযোগী কাজের জন্য কম নম্বরের ব্যবস্থা করা যায়; | • একমত |
| ৫) এপিএ মূল্যায়নের ক্ষেত্রে তথ্যের সহজলভ্যতা নিশ্চিত করা প্রয়োজন; | • |
| ৬) Third party evaluation-এর ব্যবস্থা করা যায়; | • এখনই প্রয়োজন নেই বলে মন্ত্রণালয় মনে করে |
| ৭) প্রসেসধর্মী কাজ করলেই এপিএ-তে নম্বর পাওয়া যাচ্ছে। কিন্তু এর outcome কী তার ভিত্তিতে মূল্যায়ন হওয়া প্রয়োজন; | • একমত |
| ৮) উন্নয়নমূলক কার্যক্রমে জড়িত মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকৃতি মূল্যায়নে cost audit এবং performance audit অবশ্যই করতে হবে; | • পর্যায়ক্রমে চালু করা যেতে পারে |
| | • এপিএ মূল্যায়নে সুশাসন ও সংস্কারমূলক কর্মপরিকল্পনাসমূহের সূচকের বিপরীতে প্রকৃত নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা যেতে পারে। |

## Reward and Punishment

| | |
|---|---|
| ➢ এপিএ মূল্যায়নের ভিত্তিতে reward এবং punishment-এর ব্যবস্থা থাকা প্রয়োজন; | ● একমত |
| ➢ এপিএ-তে খারাপ কাজের জন্য শাস্তিমূলক কী পদক্ষেপ নেওয়া যায় তার উপায় উদ্ভাবন; | ● APAR এ উল্লেখ করা যেতে পারে। |

### ব্যক্তিগত কর্মকৃতির সাথে এপিএ'র সংযোগ স্থাপন

- এপিএ-কে কর্মকর্তার ব্যক্তিগত কর্মসম্পাদনের (desk work) সঙ্গে সংযোগ স্থাপন করতে হবে; ■ একমত।
- এপিএ পারফর্মেন্সের ভিত্তিতে সিনিয়র সচিব/সচিবগণকে মূল্যায়ন করা যেতে পারে; ■ একমত পোষণ করে না।
- APAR চালু হওয়া প্রয়োজন; ■ একমত
- অফিসের সামগ্রিক কর্মসম্পাদনের উদ্দেশ্য ও performance বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারিদের knowledge base একই রকম হওয়া উচিত;
- কর্মকর্তাদের স্পষ্ট job description থাকতে হবে; ■ একমত। তবে job description সাধারণত: শাখা/অধিশাখা ভিত্তিক হয়ে থাকে

| | |
|---|---|
| **Digital Technology'র ব্যবহার**<br>➢ APA সিস্টেম-এ প্রায় ২৬ হাজার অফিস যুক্ত আছে; এতোগুলো অফিসের কার্যক্রম বিশ্লেষণে ডিজিটাল টেকনোলজির সর্বোত্তম ব্যবহার দরকার;<br>➢ APA- কে নীতি নির্ধারণে ফলপ্রসূ করতে হলে AI, Big Data Analysis প্রভৃতির ব্যবহার প্রয়োজন;<br>➢ আইটি এবং Big Data Analysis ছাড়া Next Generation APA করা যাবে না;<br><br>**সুশাসন বিষয়ক কর্মপরিকল্পনাসমূহ**<br>➢ সুশাসনের কর্মপরিকল্পনাসমূহের ছক আরও উন্নত করা প্রয়োজন;<br>➢ এসকল কর্মপরিকল্পনাসমূহের কার্যক্রমসমূহ মন্ত্রণালয়/বিভাগ ও বিভিন্ন অফিসের মূল কার্যক্রমের সাথে integrate করা উচিত;<br><br>**মন্ত্রণালয়/বিভাগের পৃথক শ্রেণী**<br>➢ একেক মন্ত্রণালয়/বিভাগের কাজ এবং চ্যালেঞ্জের ধরন ভিন্ন। এসকল ভিন্নতা বিবেচনায় মন্ত্রণালয়/বিভাগসমূহকে কয়েকটি ক্লাস্টারে ভাগ করে মূল্যায়ন করা যেতে পারে; প্রতিটি ক্লাস্টারের মন্ত্রণালয়/বিভাগের জন্য পৃথক মূল্যায়ন ব্যবস্থা থাকা উচিত;<br>➢ মন্ত্রণালয়/বিভাগসমূহকে কাজের ধরনের ভিত্তিতে ক্লাস্টার করা যেতে পারে; যেমন Development এবং Regulatory Ministry; | এ সকল বিষয়ে মন্ত্রণালয় একমত পোষণ করে। |

| | |
|---|---|
| **APA'র বিস্তৃতি**<br>➢ সকল সরকারি অফিসের এপিএ'র প্রয়োজন আছে কি না তা যাচাই করা প্রয়োজন;<br>➢ স্থানীয় সরকার ও সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহ এপিএ-র আওতায় নিয়ে আসতে হবে;<br><br>**বিবিধ মতামত**<br>➢ এপিএ-র মাধ্যমে প্রত্যাশিত ফলাফল আসছে কি না তার একটি স্টাডি হওয়া দরকার;<br>➢ এপিএ-তে মাঠ পর্যায়ের অফিসগুলোকে (Field focused APA) গুরুত্ব দেওয়া প্রয়োজন;<br>➢ এপিএ-তে খারাপ করলে এর দায়ভার এপিএ টিমকে প্রদানের সংস্কৃতি থেকে বের হওয়া প্রয়োজন। উর্দ্ধতন কর্মকর্তাদের দায়-দায়িত্ব নিরুপন করা প্রয়োজন;<br>➢ প্রশিক্ষণ/কর্মশালাগুলির ফলে কতটুকু পরিবর্তন হচ্ছে তা যাচাই করা প্রয়োজন;<br>➢ এপিএ-র গুণগত মানোন্নয়নে নজর দেওয়া প্রয়োজন;<br>➢ জনপ্রতিনিধিগণকে সাথে নিয়ে performance-এর মানোন্নয়নে কাজ করতে হবে;<br>➢ এপিএতে খুব বেশি পরিবর্তন করা হলে তা বাস্তবায়ন পর্যায়ে হতাশা তৈরি করতে পারে। এপিএ-র মানোন্নয়নের জন্য কিছু পরিবর্তন নিয়মিতভাবে এপিএ-র ব্যানারেই করা যায়, নতুন প্ল্যাটফর্মের প্রয়োজন নেই;<br>➢ এপিএ সংক্রান্ত Best Practice-গুলির যথাযথ ডকুমেন্টেশন করা প্রয়োজন; | এ সকল বিষয়ে মন্ত্রণালয় একমত পোষণ করে। |

(মোঃ আবদুর রহমান)
উপসচিব ও এপিএ ফোকাল পয়েন্ট
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়